

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪০
খোয়াই, ৪ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০
খোয়াই জেলায় সভা

খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে গতকাল দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন। সভায় জেলা শাসক জানান, খোয়াই জেলায় আগামী ১০ থেকে ১৪ নভেম্বরের মধ্যে ব্লক, গ্রামপঞ্চায়েত ও ওয়ার্ড ভিত্তিক বিকাশ সভা, ১৫ থেকে ৩০ নভেম্বরের মধ্যে বিকাশ শিবির এবং ১ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বরের মধ্যে জেলাভিত্তিক ২ দিনের প্রতি ঘরে সুশাসন মেলার আয়োজন করা হবে। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক কেশব কর, খোয়াই মহকুমার মহকুমা শাসক বিজয় সিনহা, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী, তেলিয়ামুড়া, কল্যাণপুর, মুন্সিয়াকামী, খোয়াই, তুলাশিখর ও পদাবিল ব্লকের বিডিওগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
